



স্টার জুট মিলস লিমিটেড

Star Jute Mills Limited
(AN ENTERPRISE OF BJMC)

চন্দনীমহল, খুলনা।

ফোন : ০৪১-৮৯০০৬০ ও ৮৯০০৭০
ফ্যাক্স : ০৪১-৮৯০০৯৭
ই-মেইল : starjute Mills@gmail.com
starjute Mills@yahoo.com

25-12-18
DH 2 80
DH Admin

সূত্র নং ২৪.০৪.৪৭৪০.৯৪৯.০৬.০২৪.১৮/ ৪০৩২

তারিখঃ ২০/১২/২০১৮ ইং

-ঃ স্থায়ী ঠিকানা :-

জনাব মোঃ বাচ্চু ব্যাপারী
এলবি নং-২৪২
পদবী : যাজনদার (কাচা)
বিভাগ : পাট
মিল নং- ০১

পিতার নাম : জনাব মোঃ কেনাই ব্যাপারী
গ্রাম : সেনহাটি
ডাকঘর : সেনহাটি
উপজেলা : দিঘলিয়া
জেলা : খুলনা।

বিষয় : শ্রম ১৯/১৬ নং মামলার রায় ও বিজ্ঞ প্যানেল আইনজীবীর আইনগত মতামত অনুযায়ী ২০০৯-২০১০ অর্থ বছরে (পুরো এক বছর) সিবিএ সহ-সভাপতি থাকাকালীন কাজ না করে ভোগকৃত গড় মজুরীসহ অন্যান্য সকল অর্থ কর্তন প্রসঙ্গে।

জনাব,

আপনি ২০০৯-২০১০ অর্থ বছরে সিবিএ সহ-সভাপতি থাকাকালীন কাজ না করে পুরো এক বছরের গড় মজুরীসহ অন্যান্য সকল সুযোগ সুবিধা ভোগ করেন। বিষয়টি নিরীক্ষা আপত্তি হলে উক্ত অর্থ বছরে (পুরো এক বছর) প্রদেয় গড় মজুরী মোট ১,৬৫,৮২৬.১০ টাকা কর্তনের সিদ্ধান্ত হয়। সিদ্ধান্ত অনুযায়ী কর্তন শুরু হলে আপনি খুব হয়ে বিভাগীয় শ্রম আদালত, খুলনায় শ্রম ১৯/১৬ নং মামলা দায়ের করেন। গত ২৬/১১/২০১৭ ইং তারিখ মামলার রায় মিলের পক্ষে অর্থাৎ আপনার বিপক্ষে যাওয়ায় ২০০৯-২০১০ অর্থ বছরের গ্রাচুইটি ও অন্যান্য প্রাপ্যতা সম্পর্কে মিলের পত্র সূত্র নং ২৪.০৪.৪৭৪০.৯৪৯.০২.০২১.১৮/৪৪২, তারিখ ১৬/০৯/২০১৮ ইং এর মাধ্যমে মিলের বিজ্ঞ প্যানেল আইনজীবীর নিকট আইনগত মতামত চাওয়া হয়। গত ২৭/০৯/২০১৮ ইং তারিখের আইনগত মতামতে বলা হয় "আপনার মামলাটি খারিজ হওয়ায় ২০০৯-২০১০ অর্থ বছরের প্রদত্ত গড় মজুরী কর্তনের সিদ্ধান্ত সঠিক হওয়ায় ঐ সময়ে আপনার কোন হাজিরা/কাজ না থাকায় কর্মহীন থাকাকালীন সময়ের গ্রাচুইটি প্রাপ্য হবেন না। আইনানুযায়ী গ্রাচুইটি বাদ যাবে এবং এই সময়ে প্রদেয় সুবিধাদি যেমন- বাৎসরিক ইনক্রিমেন্ট, মহার্ঘ ভাতা, নৈমিত্তিক ছুটি, অসুস্থ্যতাজনিত ছুটি, বাৎসরিক ছুটি, হাজিরা বোনাস ও ঈদ উৎসব বোনাসসহ প্রদত্ত সকল সুযোগ সুবিধাদি কর্তন যাবে"।

০১। ২০০৯-২০১০ অর্থ বছরে প্রদেয় সকল অর্থের হিসাব বিবরণীঃ-

ক্রঃ নং	বিবরণ	টাকা
০১	সাপ্তাহিক গড় মজুরী (২০০৯-২০১০ অর্থ বছর)	১,৬৫,৮২৬.১০ টাকা (কর্তন চলমান)।
০২	নৈমিত্তিক ছুটি ১০ দিন, ডাক্তারী ছুটি ০২ দিন, মোট ১২ (বার) দিন	৫,৬৩৪.৮০ টাকা।
০৩	সরকারী ছুটি ১১ (এগার) দিন	৫,১৬৫.২০ টাকা।
০৪	মজুরী কমিশনের এরিয়া (২০০৯-২০১০ অর্থ বছর)	২৩,৯৯১.০০ টাকা।
০৫	হাজিরা বোনাস (২০০৯-২০১০ অর্থ বছর)	৬০০.০০ টাকা।
০৬	ঈদ উৎসব বোনাস (২০০৯-২০১০ অর্থ বছর)	১৬,১৭৬.০০ টাকা।
০৭	০১/০৭/২০১০ হতে ০৬/১২/২০১৮ ইং পর্যন্ত একটি ইনক্রিমেন্ট মজুরী	২৫,৫৩৯.০০ টাকা।
	সর্বমোট =	২,৪২,৯৩২.১০ টাকা।

কথায় : দুই লক্ষ বিয়াল্লিশ হাজার নয়শত বত্রিশ টাকা দশ পয়সা মাত্র।

০২। শ্রম আইন এর ১৪ ধারা অনুযায়ী ২০০৯-২০১০ অর্থ বছর নন ওয়াকিং ডে হিসেবে গন্য হওয়ায় আপনি ০২ (দুই) টি গ্রাচুইটির একটিও প্রাপ্য হবেন না।

এমতাবস্থায়, শ্রম ১৯/১৬ নং মামলার রায় ও বিজ্ঞ প্যানেল আইনজীবীর আইনগত মতামত অনুযায়ী আপনাকে ২০০৯-২০১০ অর্থ বছরে প্রদেয় মোট ২,৪২,৯৩২.১০ (দুই লক্ষ বিয়াল্লিশ হাজার নয়শত বত্রিশ টাকা দশ পয়সা মাত্র) টাকা ও একটি বাৎসরিক ইনক্রিমেন্ট কর্তনসহ ০৭/১২/২০১৮ ইং তারিখ হতে সাপ্তাহিক মূল মজুরী ৫০৮.৮৫ (পাঁচশত আট টাকা পচাশি পয়সা) টাকা পুনঃ নির্ধারণ পূর্বক ২০০৯-২০১০ অর্থ বছরের ০২ (দুই) টি গ্রাচুইটি কর্তন করা হল।

২২/১২/২০১৮
এ.এম. ফজলুর রশীদ
প্রকল্প প্রধান

অনুলিপিঃ

- ০১। চেয়ারম্যান, বিজেএমসি, ঢাকা।
- ০২। সচিব, বিজেএমসি, ঢাকা।
- ০৩। মহাব্যবস্থাপক (কস), বিজেএমসি, ঢাকা।
- ০৪। মহাব্যবস্থাপক (আরসিও), খুলনা অঞ্চল, খুলনা।
- ০৫। যুগ্ম শ্রম পরিচালক, বয়রা, খুলনা।
- ০৬। সকল প্রকল্প প্রধান - বহুল প্রচারের জন্য স্ব-স্ব নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেওয়ার জন্য অনুরোধ করা হল।
- ০৭। যান্ত্রিক বিভাগীয় প্রধান, এসজেএম লিঃ।
- ০৮। উৎপাদন বিভাগীয় প্রধান মিল নং ১/২, এসজেএম লিঃ।
- ০৯। হিসাব ও অর্থ বিভাগীয় প্রধান, এসজেএম লিঃ- উক্ত টাকা কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হল।
- ১০। সকল বিভাগীয় প্রধান, এসজেএম লিঃ।
- ১১। ব্যক্তিগত নথি।
- ১২। অফিস নথি।
- ১৩। মাস্টার ফাইল।